

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৯২৩

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/৩১. ইমাম যেন শুধু নিজের জন্য দু'আ না করে।

بَابِ لَا يَخُصَّ الْإِمَامُ نَفْسَهُ بِالدُّعَاءِ

### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُصَفَّى الْحِمْصِيُّ، حَدَّثَنَا بَقِيَّةُ بْنُ الْوَلِيدِ، عَنْ حَبِيبِ بْنِ صَالِحٍ، عَنْ يَزِيدَ بْنِ شُرَيْحٍ، عَنْ أَبِي حَيِّ الْمُؤَذِّنِ، عَنْ ثَوْبَانَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " لاَ يَوُّمُ عَبْدٌ فَيَخُصَّ نَفْسَهُ بِدَعْوَةٍ دُونَهُمْ فَإِنْ فَعَلَ فَقَدْ خَانَهُمْ " .

#### বাংলা

১/৯২৩। সাওবান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন বান্দা ইমামতি করলে সে যেন অন্যদের বাদ দিয়ে কেবল নিজের জন্য দুআ না করে। সে যদি তাই করে, তবে সে মুকতাদীদের সাথে প্রতারণা করলো।

# **English**

It was narrated that Thawban said:

"The Messenger of Allah (ﷺ) said: 'No person should lead others in prayer, then supplicate only for himself and not for them. If he does that, he has betrayed them.'"

## ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিযী ৩৫৭, আবূ দাউদ ৯০।

তাহকীক আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: জামি সগীর ৬৩৩৪ যঈফ, তিরমিয়ী ৩৫৭ যঈফ, আদাবুল মুফরাদ ১০৯৩ সহীহ, যঈফ আবূ দাউদ ১১-১২। উক্ত হাদিসের রাবী ১. মুহাম্মাদ ইবনুল মুসাফফা আল হিমসী সম্পর্কে আবু হাতিম আর-রায়ী ও ইমাম নাসাঈ বলেন, তিনি সত্যবাদী। ইবনু হিব্বান তাকে সিকাহ বললেও অন্যত্রে বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন।



### হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛮 বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন